নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ, ই-মেইল: info@nstu.edu.bd ওয়েবসাইট: www.nstu.edu.bd

২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/মাদ্রাসা/কারিগরি শিক্ষাবোর্ড থেকে বিভিন্ন শাখায় ২০১৮ অথবা ২০১৯ সালে অনুষ্ঠিত HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০১৫, ২০১৬ অথবা ২০১৭ সালে অনুষ্ঠিত SSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনপত্র আহ্বান করা হলো।

যে সকল বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে :

A ইউনিট: কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং, এপ্লায়েড ম্যাথমেটিক্স এবং পরিসংখ্যান বিভাগ;

B ইউনিট: ফার্মেসি, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ;

C ইউনিট: ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স, ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, এগ্রিকালচার, ওশানোগ্রাফি, জুয়োলজি বিভাগ;

D ইউনিট (গ্রুপ পরিবর্তন): (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, মানবিক শাখা থেকে উত্তীর্ণ)- সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ: অর্থনীতি, বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ, ইংরেজি, বাংলা, সমাজবিজ্ঞান এবং সমাজকর্ম বিভাগ। ব্যবসায় প্রশাসন অনুষদ: ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ। শিক্ষা বিজ্ঞান অনুষদ: শিক্ষা এবং শিক্ষা প্রশাসন বিভাগ। আইন অনুষদ: আইন বিভাগ। আইআইএস: ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট। বিজ্ঞান অনুষদ: পরিসংখ্যান বিভাগ (ব্যবসায় শিক্ষা এবং মানবিক বিভাগের যারা HSC/সমমান পরীক্ষায় গণিত অথবা পরিসংখ্যান বিষয়সহ উত্তীর্ণ);

E ইউনিট: অর্থনীতি, বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ, ইংরেজি, বাংলা, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, শিক্ষা, শিক্ষা প্রশাসন, আইন, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগ;

F ইউনিট: ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ।

ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা:

<table>
<tr><th rowspan="2">ইউনিট</th><th rowspan="2">HSC শাখা</th><th colspan="4">ন্যূনতম যোগ্যতা</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>SSC/ সমমান</th><th>HSC/ সমমান</th><th>O-Level</th><th>A-Level</th></tr>
<tr><td rowspan="2">A ইউনিট</td><td rowspan="2">বিজ্ঞান</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ৩.০ থাকতে হবে।</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ৩.০ থাকতে হবে। গণিত থাকতে হবে।</td><td rowspan="2">পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিতসহ পাঁচটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে।</td><td rowspan="2">গণিত এবং পদার্থবিজ্ঞান অথবা রসায়ন এর মধ্যে যেকোন একটিতে উত্তীর্ণ হতে হবে।</td><td rowspan="2">-</td></tr>
<tr><td colspan="2">উভয় মিলিয়ে মোট GPA (চতুর্থ বিষয়সহ) ৬.৫ থাকতে হবে।</td></tr>
<tr><td rowspan="2">B ইউনিট</td><td rowspan="2">বিজ্ঞান</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ৩.০ থাকতে হবে।</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ৩.০ থাকতে হবে। জীববিজ্ঞান থাকতে হবে।</td><td rowspan="2">পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে।</td><td rowspan="2">জীববিজ্ঞান এবং পদার্থবিজ্ঞান অথবা রসায়ন অথবা গণিত এর মধ্যে যেকোন একটিতে উত্তীর্ণ হতে হবে।</td><td rowspan="2">ফার্মেসি পড়তে হলে উচ্চমাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান ও গণিত থাকতে হবে।</td></tr>
<tr><td colspan="2">উভয় মিলিয়ে মোট GPA (চতুর্থ বিষয়সহ) ৬.৫ থাকতে হবে।</td></tr>
<tr><td rowspan="2">C ইউনিট</td><td rowspan="2">বিজ্ঞান</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ৩.০ থাকতে হবে।</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ৩.০ থাকতে হবে।</td><td rowspan="2">পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে।</td><td rowspan="2">জীববিজ্ঞান ও গণিত বিষয়ে উত্তীর্ণ হতে হবে।</td><td rowspan="2">ওশানোগ্রাফি পড়তে হলে উচ্চমাধ্যমিকে অবশ্যই জীববিজ্ঞান ও গণিত থাকতে হবে।</td></tr>
<tr><td colspan="2">উভয় মিলিয়ে মোট GPA (চতুর্থ বিষয়সহ) ৬.৫ থাকতে হবে।</td></tr>
<tr><td rowspan="2">D ইউনিট</td><td rowspan="2">বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/ মানবিক</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ২.৫ থাকতে হবে।</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ২.৫ থাকতে হবে।</td><td rowspan="2">কমপক্ষে সংশ্লিষ্ট শাখার দুইটি বিষয় থাকতে হবে।</td><td rowspan="2">কমপক্ষে সংশ্লিষ্ট শাখার দুইটি বিষয় থাকতে হবে।</td><td rowspan="2">ব্যবসায় শিক্ষা/মানবিক বিভাগের পরীক্ষার্থীদের পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্যে HSC তে পরিসংখ্যান/গণিত থাকতে হবে।</td></tr>
<tr><td colspan="2">উভয় মিলিয়ে মোট GPA (চতুর্থ বিষয়সহ) ৬.০ থাকতে হবে</td></tr>
<tr><td rowspan="2">E ইউনিট</td><td rowspan="2">মানবিক</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ২.৫ থাকতে হবে।</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ২.৫ থাকতে হবে।</td><td rowspan="2">কমপক্ষে মানবিক শাখার দুইটি বিষয় থাকতে হবে।</td><td rowspan="2">কমপক্ষে মানবিক শাখার দুইটি বিষয় থাকতে হবে।</td><td rowspan="2">-</td></tr>
<tr><td colspan="2">উভয় মিলিয়ে মোট GPA (চতুর্থ বিষয়সহ) ৫.৫ থাকতে হবে।</td></tr>
<tr><td rowspan="2">F ইউনিট</td><td rowspan="2">ব্যবসায় শিক্ষা</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ২.৫ থাকতে হবে।</td><td>GPA (চতুর্থ বিষয়সহ) ২.৫ থাকতে হবে।</td><td rowspan="2">কমপক্ষে ব্যবসায় শিক্ষা শাখার দুইটি বিষয় থাকতে হবে।</td><td rowspan="2">কমপক্ষে ব্যবসায় শিক্ষা শাখার দুইটি বিষয় থাকতে হবে।</td><td rowspan="2">-</td></tr>
<tr><td colspan="2">উভয় মিলিয়ে মোট GPA (চতুর্থ বিষয়সহ) ৬.০ থাকতে হবে</td></tr>
</table>

বি:দ্র: O এবং A লেভেলের কোনো বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

অনলাইনে ভর্তির ফরম জমাদান ও প্রবেশপত্র সংগ্রহের জন্য করণীয়

অনলাইনে ভর্তির ফরম পূরণ করার নিয়মাবলী:

১. আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত কার্যাবলি ভর্তির ওয়েবসাইট (https://nstu.admission.online)এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। এই সাইটে আবেদনকারী ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, লিংক এবং নোটিশ দেখতে পাবে।

২. ওয়েবসাইট এ প্রবেশের আগে নিম্নে বর্ণিত জিনিসগুলো সাথে রাখতে হবে।
   - i. স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা 300 x 300 pixel মাপের নিজের একটি রঙিন ছবি (jpg)। ফাইলের সাইজ 100 KB এর বেশি হবে না।
   - ii. 300 x 80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg) (কাগজে কালো কালি দিয়ে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশি হবে না।
   - iii. অনলাইনে ভর্তির জন্য bKash অথবা DBBL এ ৮০০/-(সকল চার্জসহ) টাকা পেমেন্ট করুন। পেমেন্ট সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষণিক একটি SMS আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে।
   - iv. ফরম পূরণের সময় এই Transaction ID টি ইনপুট দিতে হবে।(প্রতিটি ইউনিট এর জন্য আলাদাভাবে ৮০০/-(সকল চার্জসহ) টাকা করে পেমেন্ট করে Transaction ID সংগ্রহ করতে হবে)

৩. ভর্তির ওয়েবসাইটে আবেদন করার দুইটি অপশন আছে-
   - i. HSC/সমমান ইত্যাদি পাশ করেছে তাদের জন্য।
   - ii. O-Level / A-Level বা বিদেশ থেকে পাশ করেছে তাদের জন্য।

৪. HSC/সমমান এর প্রার্থীদের ভর্তির আবেদন করার জন্য ওয়েবসাইটের 'আবেদন' বাটনে ক্লিক করতে হবে।

৫. 'আবেদন' বাটনে ক্লিক করার পর 'আবেদন'-এর তথ্যের পেইজে আবেদনকারীর HSC/সমমানের পরীক্ষার রোল নাম্বার, রেজিস্ট্রেশন নাম্বার, পাসের সাল ও বোর্ডের নাম এবং SSC/সমমানের পরীক্ষার রোল নাম্বার, রেজিস্ট্রেশন নাম্বার, পাসের সাল ও বোর্ডের নাম প্রদান করে 'অগ্রসর হোন' বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী পেইজে আবেদনকারীর HSC ও SSC পরীক্ষার তথ্যাবলি দেখা যাবে।

৬. প্রদর্শিত তথ্য সঠিক থাকলে নির্ধারিত স্থানে আবেদনকারীর নির্দিষ্ট ফরম্যাটে একটি ফরমাল ছবি, স্বাক্ষর, ব্যক্তিগত মোবাইল নাম্বার ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার Choice ও তথ্য দিতে হবে। ভুল করে কোটার তথ্য দিলে, কোটার আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে।

৭. ছবি এবং অন্যান্য তথ্য দেয়া সম্পন্ন হলে ফরমের শেষে Declaration অপশনে ক্লিক করে Save and Continue করতে হবে।

৮. কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরে Dashboard দেখা যাবে।

৯. Dashboard এর শুরুতে প্রার্থীর আবেদনযোগ্য ইউনিটসমূহের তালিকা দেখা যাবে-
   - i. প্রতিটি ইউনিট এর পাশে Apply বাটন থাকবে (প্রতিটি ইউনিটে আলাদা ভাবে Apply করতে হবে)। Apply বাটনে ক্লিক করলে ঐ ইউনিটের আবেদনের ফি ৮০০/-(সকল চার্জসহ) টাকা প্রদর্শন করবে।
   - ii. প্রার্থী যে মাধ্যমে পেমেন্ট করেছে তা সিলেক্ট করতে হবে (bKash অথবা DBBLএর রকেট)।
   - iii. পূর্বে পেমেন্ট করা Transaction ID ইনপুট দিতে হবে।
   - iv. HSC/সমমান রেজিস্ট্রেশন নাম্বার দিতে হবে।
   - v. প্রার্থী English Version এ পরীক্ষা দিতে চাইলে এই ফরমে English Version সিলেক্ট করতে হবে।
   - vi. 'সাবমিট' বাটনে ক্লিক করতে হবে।

১০. সঠিক ভাবে ফরমটি সাবমিট হলে একটি Confirmation SMS প্রার্থীর রেজিস্টার্ড মোবাইল নাম্বারে যাবে।

১১. আসন বিন্যাসের পর প্রার্থীদের SMS ও ওয়েবসাইটে (https://nstu.admission.online) নোটিশ এর মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ জানিয়ে দেয়া হবে। প্রবেশপত্রে রোল নাম্বার ও কেন্দ্র উল্লেখ থাকবে।

১২. প্রবেশপত্র ডাউনলোড করার পদ্ধতি-
   - i. ওয়েবসাইট এ প্রবেশ করে 'লগইন' বাটনে ক্লিক করতে হবে।
   - ii. পেইজে আবেদনকারীর HSC/সমমানের পরীক্ষার রোল নাম্বার, পাসের সাল ও বোর্ডের নাম এবং SSC/সমমানের পরীক্ষার রোল নাম্বার প্রদান করে 'অগ্রসর হোন' বাটনে ক্লিক করতে হবে।
   - iii. প্রতিটি ইউনিট এর পাশে Download বাটন থাকবে। এই বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

১৩. ডাউনলোড করা প্রবেশপত্রটি ২ কপি রঙিন প্রিন্ট করতে হবে এবং পরীক্ষার হলে নিয়ে আসতে হবে। ১ কপি পরীক্ষার সময় পরিদর্শকের কাছে জমা দিতে হবে।

বিশেষ নির্দেশনা:

১. কোন একটি ইউনিটে আবেদন করার পর ছবি, স্বাক্ষর ও কোটা পরিবর্তন করা যাবে না।

২. ভর্তি পরীক্ষার কেন্দ্র ওয়েবসাইটে Login করে দেখা যাবে।

DBBL (রকেট) এর মাধ্যমে Payment করার নিয়ম:

১. DBBL মোবাইল ব্যাংকিং (রকেট) একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *322# ডায়াল করুন
২. Bill pay সিলেক্ট করুন
৩. তারপর Self সিলেক্ট করুন
৪. Payment এর জন্য ‘0’ (শূন্য) সিলেক্ট করুন
৫. Biller ID হিসাবে 216 টাইপ করুন
৬. Bill Number এর স্থলে HSC-এর রোল নাম্বার টাইপ করুন
৭. Amount হিসেবে আবেদন ফি ৮০০/- (সকল চার্জসহ) টাকা টাইপ করুন
৮. এবার রকেট এর PIN টাইপ করুন
৯. ফিরতি SMS-এর মাধ্যমে একটি Transaction ID (TxnID) আসবে
১০. অনলাইনে প্রবেশ করে পেমেন্ট অপশন হতে রকেট সিলেক্ট করে নির্ধারিত স্থানে উক্ত Transaction ID টি প্রদান করতে হবে

bKash এর মাধ্যমে Payment করার নিয়ম:

১. *247# ডায়াল করে বিকাশ মোবাইল মেন্যুতে যান
২. ‘Payment’ সিলেক্ট করুন
৩. মার্চেন্ট বিকাশ একাউন্ট নাম্বার 017 65 59 26 54 টাইপ করুন
৪. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি ৮০০/- (সকল চার্জসহ) টাকা টাইপ করুন
৫. Reference হিসাবে প্রার্থীর HSC এর রোল নাম্বার টাইপ করুন
৬. কাউন্টার নাম্বার 1 দিন
৭. bKash PIN ****** ইনপুট দিয়ে Payment কমপ্লিট করুন
৮. Payment সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষণিক একটি SMS আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে; কেননা ফরম পূরণের সময় এই Transaction ID টি ইনপুট দিতে হবে

আবেদন করার সময় কোন সমস্যা হলে কল করুন: ০১৭০৮ ১৬৬০৪১, ০১৭০৮ ১৬৬০৪২ (সকাল ০৯:০০ টা থেকে রাত ০৯:০০ টা পর্যন্ত)

বিশেষভাবে লক্ষ্যণীয়:

ক) আবেদনের সময়: ০৫ সেপ্টেম্বর ২০১৯ থেকে ০৪ অক্টোবর ২০১৯, রাত ১২.০০ টা পর্যন্ত (ছুটির দিনসহ)।

খ) A, B, C, D, E এবং F ইউনিটের জন্য আলাদা আলাদাভাবে আবেদন করতে হবে।

গ) HSC/সমমান পরীক্ষায় বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা A, B, C এবং D ইউনিটে, মানবিক শাখা থেকে উত্তীর্ণরা E এবং D ইউনিটে, ব্যবসায় শিক্ষা শাখা উত্তীর্ণরা F এবং D ইউনিটে আবেদন করতে পারবে।

ঘ) D ইউনিটের ফলাফলের জন্য বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য আলাদা মেধা তালিকা তৈরি করা হবে।

ঙ) O/A level থেকে পাশকৃত ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার দিন ‘O’ ও ‘A’ level এর গ্রেড শিটের সত্যায়িত ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

চ) কোটায় ভর্তি: কোটায় ভর্তির ক্ষেত্রে নোবিপ্রবিতে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পোষ্য কোটা (কেবল ছেলে/মেয়ে/স্ত্রী/স্বামী) মুক্তিযোদ্ধা (সন্তান, নাতি/নাতনি), ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) এবং খেলোয়াড় (শুধু বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ) প্রার্থীদেরকে সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করার সময় উল্লেখ করতে হবে এবং বিষয় নির্বাচনের সময় যথাযথ প্রত্যয়নপত্র বা সনদপত্র প্রদর্শন করতে হবে। কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তির আবেদনের সময় অবশ্যই OMR শিটের নির্ধারিত ঘর পূরণ করতে হবে। পরবর্তীতে কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

ছ) পরীক্ষার হলে কোনো ইলেকট্রনিক ডিভাইস যেমন: ট্যাব, মোবাইল ফোন, ডিজিটাল ডায়েরি, ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ঘড়ি ইত্যাদি আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:

০১ নভেম্বর ২০১৯ (শুক্রবার): A ইউনিট: সকাল ১০.৩০ - দুপুর ১২.০০ টা, **B ইউনিট:** বিকেল ৩.০০ - ৪.৩০ টা পর্যন্ত।

০২ নভেম্বর ২০১৯ (শনিবার): C ইউনিট: সকাল ০৯.০০ - ১০.৩০ টা, **D ইউনিট:** দুপুর ১২.৩০ - ১.৩০ টা পর্যন্ত। **E ইউনিট+ F ইউনিট:** বিকেল ৩.৩০ - ৪.৩০ টা পর্যন্ত।

ফল প্রকাশ: ৬ নভেম্বর ২০১৯ (বুধবার)

ভর্তি পরীক্ষা পদ্ধতি ও মানবণ্টন:

পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষার মোট নম্বর ১০০; পরীক্ষার পাশ নম্বর: ৪০।

ইউনিট	আবশ্যিক			ঐচ্ছিক		মন্তব্য
A ইউনিট	পদার্থবিজ্ঞান (২৫)	রসায়ন (২৫)	গণিত (২৫)	জীববিজ্ঞান (২৫)	বাংলা ও ইংরেজি (২৫)	মোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে।
	৭৫টি প্রশ্ন থেকে ৭৫ টি উত্তর করতে হবে।			যেকোন একটি থেকে ২৫টি উত্তর করতে হবে।		
B ইউনিট	পদার্থবিজ্ঞান (২৫)	রসায়ন (২৫)	জীববিজ্ঞান (২৫)	গণিত (২৫)	বাংলা ও ইংরেজি (২৫)	মোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে।
	৭৫টি প্রশ্ন থেকে ৭৫ টি উত্তর করতে হবে।			যেকোন একটি থেকে ২৫টি উত্তর করতে হবে।		
C ইউনিট	পদার্থবিজ্ঞান (২৫)	রসায়ন (২৫)	জীববিজ্ঞান (২৫)	গণিত (২৫)	বাংলা ও ইংরেজি (২৫)	মোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে।
	৭৫টি প্রশ্ন থেকে ৭৫ টি উত্তর করতে হবে।			যেকোন একটি থেকে ২৫টি উত্তর করতে হবে।		

ইউনিট	আবশ্যিক				ঐচ্ছিক		মন্তব্য
D ইউনিট	বাংলা (২৫)	ইংরেজি (২৫)	সাধারণ জ্ঞান (৫০)		নেই		মোট ১০০টি প্রশ্নের উত্তর করতে হবে।
			বাংলাদেশ বিষয়াবলী (২৫)	আন্তর্জাতিক বিষয়াবলী (২৫)			
E ইউনিট	বাংলা (২৫)	ইংরেজি (২৫)	সাধারণ জ্ঞান (৫০)		নেই		মোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে
			বাংলাদেশ বিষয়াবলী (২৫)	আন্তর্জাতিক বিষয়াবলী (২৫)			
F ইউনিট	বাংলা (২০)	ইংরেজি (২০)	হিসাব বিজ্ঞান (২০)	ব্যবসায় নীতি ও প্রয়োগ (২০)	মার্কেটিং (২০)	ফিন্যান্স (২০)	মোট ১০০টি প্রশ্নের উত্তর করতে হবে।
	৮০টি প্রশ্ন থেকে ৮০ টি উত্তর করতে হবে				যেকোন একটি থেকে ২০টি উত্তর করতে হবে		

বিভিন্ন বিভাগে ভর্তির জন্য প্রয়োজনীয় ন্যূনতম নম্বর:

- A, B, C ইউনিটে ভর্তির জন্য ন্যূনতম নম্বর ৪০।

ইউনিট	ন্যূনতম পাশ নম্বর		বিভাগ
	বাংলা	ইংরেজি	
D ইউনিট	০৯	১৪	অর্থনীতি, আইন
	১৫	০৮	বাংলা
	০৮	১৫	ইংরেজি
	-	১২	পরিসংখ্যান
	১০	১২	বাংলাদেশ এন্ড লিবারেশান ওয়ার স্টাডিজ, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, শিক্ষা, শিক্ষা প্রশাসন, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট
E ইউনিট	৯	১৪	অর্থনীতি (উচ্চমাধ্যমিকে অর্থনীতি/পরিসংখ্যান/গণিত বিষয়ে A গ্রেড থাকতে হবে)
	০৯	১৫	ইংরেজি (উচ্চমাধ্যমিকে ইংরেজি বিষয়ে B গ্রেড থাকতে হবে)
	১৫	০৮	বাংলা (উচ্চমাধ্যমিকে বাংলা বিষয়ে B গ্রেড থাকতে হবে)
	১২	১৪	আইন
	১০	১২	বাংলাদেশ এন্ড লিবারেশান ওয়ার স্টাডিজ, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, শিক্ষা, শিক্ষা প্রশাসন, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট
F ইউনিট	০৮	১০	ব্যবসায় প্রশাসন, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

- ভর্তি পরীক্ষায় MCQ পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। উত্তরপত্রে সঠিক উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের ‘নির্দেশাবলী’ অংশে বর্ণিত থাকবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি উত্তরপত্র সরবরাহ করা হবে।

মেধাস্কোর ও মেধাক্রম:

মেধা তালিকা তৈরি করা হবে ২০০ নম্বরের ভিত্তিতে। i. SSC/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত GPA এর ৮ গুণ, ii. HSC/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত GPA এর ১২ গুণ, এবং iii. ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর। একাধিক প্রার্থীর মেধাস্কোর সমান হলে পর্যায়ক্রমে ভর্তি পরীক্ষার নম্বর, HSC ও SSC গ্রেড প্রাধান্য পাবে।

বিশেষ দ্রষ্টব্য:

১. ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন এবং পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২. ভর্তি সংক্রান্ত তথ্য, ভর্তি পরীক্ষার সিট প্ল্যান, পরীক্ষার ফলাফল ও অন্যান্য তথ্যাবলি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

৩. বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য ই-মেইল admission-info@nstu.edu.bd এ যোগাযোগ করা যাবে।

৪. বিশেষ প্রয়োজনে কল করুন: ০১৭২৭২০৮৭১৪ (বিশ্ববিদ্যালয় শিক্ষক প্রতিনিধি)

রেজিস্ট্রার
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ। ফোন: ০৩২১৭২৭২০